



১৩

### শিক্ষকের শূন্য পদ

সরকারী কলেজগুলিতে দুই হাজারের বেশি পদ শূন্য রয়েছে। জাতীয় সংসদে প্রশ্নোত্তর পর্বে শিক্ষামন্ত্রী এ তথ্য জানিয়েছেন। শিক্ষকদের বিভিন্ন রকম অব্যবস্থা ও বিশৃঙ্খলায় মধ্যে শিক্ষকের পদ শূন্য থাকার খবর শিক্ষা সম্পর্কে উদ্বেগ আরো খানিকটা বৃদ্ধি করার কারণ ঘটায়। আমাদের দেশের স্কুল-কলেজে লেখাপড়া ঠিকমত না হবার জন্যে একাধিক কারণ আছে আমরা জানি। বিভিন্ন কারণে কলেজে ক্লাস হয় না অথবা কলেজ অনির্দিষ্টকালের জন্যে বন্ধও থাকে অনেক সময়। কিন্তু যখন পরিস্থিতি শান্ত থাকে এবং ক্লাস হবার মত সুযোগ সৃষ্টি হয় তখনও যদি শিক্ষক না থাকে তহলে তখনও নিশ্চয় ক্লাস হবে না। অবস্থা এমন হলে শিক্ষার্থীদের লেখাপড়া করবার সময় কখন হবে সেটাই চিন্তার বিষয়। সরকারী কলেজে এমন দুই হাজার পদ খালি থাকার কারণ আমাদের ঠিক বোধগম্য নয়। আমরা তো জানি আমাদের দেশে শিক্ষিত বেকার প্রচুর। তবে এই পদ পূরণ না হবার কি অন্য কোন কারণ আছে? একি লাল ফিতার দোরাতায়?

শিক্ষকদের সব ধরনের বিশৃঙ্খলা ও অসম্পূর্ণতা দূর হোক তা সবই চাই। একটা সুস্থ শিক্ষার পরিবেশ গড়ে তেলা আমাদের কাম্য। কিন্তু শিক্ষকই যদি না থাকলেন তহলে শিক্ষা দেবেন কে? কলেজ নষ্টমর কোন অট্টালিকায় যাওয়া আসা করলেই তো বিব্রন হওয়া যাবে না। শিক্ষার্থীদের বিদ্যা অর্জনের জন্যে পথপ্রদর্শকের ভূমিকায় শিক্ষকের অস্তিত্ব অপরিহার্য।

সরকারী কলেজের শূন্য পদগুলি পূরণ করে ফেলার উদ্যোগ নেয়া উচিত। পদগুলি পূরণ হলে অনেক শিক্ষিত বেকার যেমন চাকরি পেয়ে দেশের বেকার সমস্যা সামনা হলেও লঘু করবেন, তেমন কলেজগুলির শিক্ষার অবস্থাও উন্নত হবে। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বিষয়টি গুরুত্ব সহকারে বিবেচনা করবেন বলে আমরা আশা করব।